



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিঅ-৬/৫/৯৮/২৪৮

তারিখ: ০৯-০৭-২০২৬ খ্রি.

বিষয়: শ্রেষ্ঠ ক্রীড়া শিক্ষক নির্বাচন প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর ০৭-০৭-২০২৬ খ্রি. তারিখের ৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৬৪৫৩ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্রীড়া সমিতির গত ২৯ জুলাই ২০২৫ খ্রি. তারিখে সাধারণ পরিষদের এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর বিবিধ সিদ্ধান্ত (খ) অনুযায়ী (বকুল, গোলাপ, পদ্ম ও চাঁপা) চারটি অঞ্চলের চার জন শ্রেষ্ঠ ক্রীড়া শিক্ষক নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক অত্র বোর্ডের ১০ টি জেলা হতে (প্রত্যেক জেলার ০১ জন করে) ১০ জন মাধ্যমিক পর্যায়ের শারীরিক শিক্ষার শিক্ষককে নির্বাচন করে (নির্বাচন ক্রাইটেরিয়া সংযুক্ত)। নির্বাচিত শিক্ষকদের নামের তালিকা বিদ্যালয় পরিদর্শকের ই-মেইলে ০২ কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা শিক্ষা অফিসার

খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/
যশোর/ঝিনাইদহ/নড়াইল/মাগুরা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত

(মুঃ এনামুল কবীর)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নম্বর: ০২৪৭৭৬২৭০৫

E-mail: enamulkabir774@gmail.com

স্মারক নম্বর-বিঅ-৬/৫/৯৮/২৪৮

তারিখ: ০৯-০৭-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/নড়াইল/মাগুরা।
- ৪। প্রধান শিক্ষক (সকল মাধ্যমিক বিদ্যালয়)
- ৫। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

জাতীয় পর্যায়ের শ্রেষ্ঠ ক্রীড়া শিক্ষক নির্বাচন ক্রাইটেরিয়া

ক্র. নং	মূল্যায়নের ক্ষেত্র	বিবরণ	নম্বর
১	শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত প্রশিক্ষণ	একাডেমিক যোগ্যতা, ক্রীড়া বিষয়ক প্রশিক্ষণ, কোচিং সার্টিফিকেট, কর্মশালায় অংশগ্রহণ	১০
২	শিক্ষকতার অভিজ্ঞতা	ক্রীড়া শিক্ষক হিসেবে চাকরির মেয়াদ, কর্মদক্ষতা ও ধারাবাহিকতা	১০
৩	শিক্ষার্থীদের ক্রীড়া সাফল্য	উপজেলা, জেলা, বিভাগীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায় শিক্ষার্থীদের অর্জন	২৫
৪	বিদ্যালয়ে ক্রীড়া কার্যক্রম পরিচালনা	বার্ষিক ক্রীড়া, আন্তঃহাউস প্রতিযোগিতা, নিয়মিত অনুশীলন, প্রতিভা অন্বেষণ	১৫
৫	উদ্ভাবনী উদ্যোগ	নতুন প্রশিক্ষণ পদ্ধতি, প্রযুক্তির ব্যবহার, অন্তর্ভুক্তিমূলক ক্রীড়া কার্যক্রম	১০
৬	নেতৃত্ব ও সংগঠন দক্ষতা	টুর্নামেন্ট আয়োজন, দল পরিচালনা, কমিউনিটি সম্পৃক্ততা	১০
৭	শৃঙ্খলা, নৈতিকতা ও পেশাগত আচরণ	সততা, সময়ানুবর্তিতা, শিক্ষার্থীবাঞ্ছন আচরণ, জেস্তার সংবেদনশীলতা	১০
৮	সামাজিক ও জাতীয় অবদান	ক্রীড়া উন্নয়নে বিশেষ অবদান, স্বৈচ্ছাসেবামূলক কার্যক্রম, সামাজিক সচেতনতা	৫
৯	গবেষণা, প্রকাশনা ও স্বীকৃতি	ক্রীড়া বিষয়ক গবেষণা, প্রকাশনা, পুরস্কার ও সম্মাননা	৫

মোট নম্বর: ১০০

অতিরিক্ত নির্দেশনা

- জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থী বা দলের সাফল্যের ক্ষেত্রে অধিক গুরুত্ব প্রদান করা হবে।
- সকল তথ্যের প্রমাণপত্র সংযুক্ত থাকতে হবে।
- প্রয়োজনে মৌখিক সাক্ষাৎকার ও মাঠপর্যায়ে তথ্য যাচাই করা যেতে পারে।

(প্রফেসর মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক (দারীশিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

০৩/০৭/২০২৪